## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 29 AUGUST 2026 ,SATURDAY | ২৯ আগস্ট ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-266


## বিপর্যস্ত নেপালের প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে রয়েছে পশ্চিমবঙ্গ সরকার বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২৮ আগস্ট :** পশ্চিমবঙ্গ থেকে নেপাল ভ্রমণে যাওয়া তীর্থযাত্রী ও পর্যটক ,অথবা কর্মসূত্রে নেপালে যাওয়া ব্যবসায়ী ও কর্মীদের মধ্যে যারা নেপালের ভয়াবহ  দুর্যোগে বিপদের সম্মুখীন হয়েছেন কিংবা নিখোঁজ রয়েছেন, তাঁদের পরিবারের সঙ্গে আজ ভবানী ভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ।তিনি সাংবাদিকদের জানান যে ,পশ্চিমবঙ্গ সরকার কাঠমান্ডুতে অবস্থিত  ভারতীয় দূতাবাস এবং নেপালের প্রশাসনের সঙ্গে ক্রমাগত যোগাযোগ রেখে চলেছে ,সে বিষয়ে সকলকে অবহিত করেছি।প্রতিটি নাগরিকের পরিবারের মতো আমরাও তাঁদের প্রত্যেকের জন্য উদ্বিগ্ন। এই দুঃসময়ে পশ্চিমবঙ্গ সরকার প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে সর্বতোভাবে রয়েছে। তাঁদের সর্বপ্রকার  সহযোগিতার বিষয়ে পরিবারগুলিকে আশ্বস্ত করেছি এবং এই কঠিন সময়ে আমরা প্রত্যেকের নিরাপদ প্রত্যাবর্তনের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।

## রাখি বন্ধন উৎসবে শামিল বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ আগস্ট :** রাখি বন্ধন উৎসবে শামিল হয়েছেন পশ্চিমবঙ্গ সরকারের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। এদিন বারবিশার চৌপথী এলাকায় কর্মরত পুলিশ অফিসারদের হাতে রাখি বেঁধে দিলেন মন্ত্রী নিজেই। এদের মন্ত্রীর সঙ্গে ছিলেন বিজেপির বিভিন্ন নেতৃত্বরা। শুক্রবার আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে আর রাখি বন্ধন উৎসব পালিত হয়েছে সরকারি এবং বেসরকারি ভাবে।  রাখি বন্ধন উৎসবকে কেন্দ্র করে রবীন্দ্র প্রতিকৃতিতে মাল্যদান করা হয়েছে বিভিন্ন সরকারি অফিস গুলিতে। এদিন  বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ জানিয়েছেন রাখি বন্ধনের মূল বার্তা ভ্রাতৃত্ব সম্প্রতি এবং মানুষের পাশে দাঁড়ানো সেই ভাবনাকে সামনে রেখেই বারোবিশ্বর চৌপতি এলাকায় জাক জমক পূর্ণভাবে সমাজের বিভিন্ন স্তরের মানুষের সঙ্গে এই উৎসব পালন করলেন তিনি। এদিন বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ এবং বিজেপির অন্যান্য কর্মীরা কয়েকশো রাখি বাঁধেন পুলিশ প্রশাসন আমজনতা থেকে শুরু করে ট্রাক চালকদের হাতে ।





# কুমারগ্রামের তৃণমূল নেতা গ্রেফতার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ আগস্ট :** আবার ডিম থেরাপির ঘটনা ঘটলো আলিপুরদুয়ার জেলায়। চাকরি দেওয়ার নাম করে টাকা নিয়েছেন কুমারগ্রামের তৃণমূল নেতা প্রেমানন্দ দাস। এমন অভিযোগের পরিপ্রেক্ষিতেই পুলিশ তাকে গ্রেপ্তার করেছে। শুক্রবার অভিযুক্তকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়। বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন। এদিকে কুমারগ্রাম থানা থেকে অভিযুক্ত তৃণমূল নেতা প্রেমানন্দ দাসকে গাড়িতে তোলার সময় চোর চোর বলে চিৎকার করতে থাকেন এলাকার বিজেপি নেতৃত্বরা। কুমারগ্রাম থানার হলদিবাড়ির এলাকার এক যুবকের অভিযোগের ভিত্তিতেই তাকে গ্রেফতার করা হয়। এদিন আদালতে নিয়ে যাওয়ার সময় তাকে গাড়িতে তুলতে পুলিশকে অনেকটাই বেগ পেতে হয়েছে। একদিকে চোর চোর বলে চিৎকার অন্যদিকে পুলিশের গাড়ি আটকে দিয়ে চলে ডিম থেরাপি। যদিও প্রেমানন্দ দাসের গায়ের ডিম লাগেনি তবে পুলিশের গাড়িতে ঢিল ছোড়া নিয়ে চাঞ্চল্য ছড়িয়েছে।

# সাব ইন্সপেক্টর কে সংবর্ধনা পুলিশ সুপারের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ আগস্ট :** বিধানসভা ভোট থেকে বর্তমান সময় পর্যন্ত একের পর এক ভালো কাজের পরিপ্রেক্ষিতে আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার শংসাপত্র প্রদান করলেন শামুকতলা থানার অধীন শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক কে। বিধানসভা নির্বাচনের সময় এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন পুলিশ অফিসার। তাছাড়া বেশ কয়েকটি এনডিপিএস মামলা সহ প্রচুর মহিষ এবং গরু আটক করেছেন গ্রেপ্তার করেছেন বেশ কিছু গাড়ি চালককে। উদ্ধার হয়েছে বেশ কিছু গাড়ি গরু এবং মহিষ পাচারের কাজে ব্যবহৃত হওয়ায়। আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার অমিত কুমার শা তার হাতে শংসাপত্র তুলে দিয়েছেন।

# তারাপীঠে মৃত তিন পরিবারের সঙ্গে দেখা করলেন সাংসদ বিধায়ক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ আগস্ট :** তারাপীঠের হোটেলে অগ্নিকাণ্ডে আলিপুরদুয়ারের তিন বাসিন্দার মৃত্যু হয়। তাঁদের বাড়িতে শুক্রবার যান আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা । মৃতদের পরিবারের সদস্যদের হাতে চেক তুলে দেন তিনি। সঙ্গে ছিলেন আলিপুরদুয়ারের বিধায়ক পরিতোষ দাস।আলিপুরদুয়ার থেকে তারাপীঠে দেবী দর্শনে গিয়ে মর্মান্তিক অগ্নিকাণ্ডে প্রাণ হারান জেলার তিন বাসিন্দা। মৃতদের নাম অমিত পাল, সুবীর সাহা এবং কমল রায়। তাঁদের মধ্যে অমিত পাল ও সুবীর সাহা আলিপুরদুয়ার শহরের ৬ ও ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। অন্যদিকে কমল রায় শহর সংলগ্ন তপসীখাতা এলাকার বাসিন্দা ছিলেন। কমল রায় পেশায় গাড়ির চালক ছিলেন। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, এই তিনজন একসঙ্গে বিহারের দেওঘর বৈদ্যনাথধামে গিয়েছিলেন। সেখান থেকে তাঁরা তারাপীঠে পৌঁছে দেবী দর্শনের জন্য একটি হোটেলে ওঠেন। সেখানেই আচমকা অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। আগুনে তিনজনেরই মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে।এই মর্মান্তিক ঘটনায় শোকে পাথর তাঁদের পরিবারের সদস্যরা। এদিন সংসদ এবং বিধায়ক মৃতদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন এবং তাদের পাশে থাকার কথা জানান।



# ডিআরএমের কড়া বার্তা ,উচ্ছেদের আগে দেওয়া হোক পর্যাপ্ত সময় ,দাবি ব্যবসায়ীদের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ আগস্ট :** আলিপুরদুয়ারে রেলের পরিকাঠামোগত উন্নয়ন করতে গেলে সবার আগে রেলের জমি ও সংশ্লিষ্ট এলাকাকে দখলদারি মুক্ত করতে হবে— এমনই স্পষ্ট বার্তা দিলেন রেলের ডিআরএম। উন্নয়নমূলক কাজের স্বার্থে প্রয়োজনীয় জমি খালি করার বিষয়টি সামনে আসতেই উদ্বেগে স্থানীয় ব্যবসায়ীরা। ব্যবসায়ীদের দাবি, তাঁরা উন্নয়নের বিরোধী নন। তবে দীর্ঘদিন ধরে ব্যবসা করে জীবিকা নির্বাহ করা মানুষদের হঠাৎ করে সরিয়ে দেওয়া হলে বহু পরিবার চরম সমস্যার মুখে পড়বে। তাই রেল কর্তৃপক্ষের কাছে তাঁদের আবেদন, উচ্ছেদ বা জায়গা খালি করার ক্ষেত্রে পর্যাপ্ত সময় দেওয়া হোক এবং মানবিক দৃষ্টিভঙ্গিতে বিষয়টি বিবেচনা করা হোক। উন্নয়ন বনাম রুজি-রুটির এই টানাপোড়েনে এখন আলিপুরদুয়ারে উঠছে একটাই প্রশ্ন—রেলের উন্নয়ন হবে, কিন্তু ব্যবসায়ীদের ভবিষ্যৎ সুরক্ষায় কী পদক্ষেপ নেওয়া হবে? আলিপুরদুয়ারে রেলের জমি ও ব্যবসায়ীদের উচ্ছেদ ঘিরে অতীতেও বিতর্ক ও আন্দোলনের নজির রয়েছে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |